# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৮০

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ কোন কোন অবস্থায় কিছু দরিদ্র ব্যক্তি ধনী ব্যক্তির চেয়ে উত্তম হয়

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ بَعْضَ الْفُقَرَاءِ فِي بَعْضِ الْأَحْوَالِ قَدْ يَكُونُونَ أَفْضَلَ مِنْ بَعْضِ الْأَغْنِيَاءِ فِي بَعْضِ الْأَحْوَالِ

---

আরবী

680 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ سَعِيدٍ الْجَوْهَرِيُّ حَدَّثَنَا أَبُو أُسَامَةَ حَدَّثَنَا الْأَعْمَشُ عَنْ سُلَيْمَانَ بْنِ مُسْهِرٍ عَنْ خَرَشَةَ بْنِ الْحَرِّ عَنْ أَبِي ذَرٍّ قَالَ: بَيْنَمَا أَنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْمَسْجِدِ إِذْ قَالَ: (انْظُرْ أَرْفَعَ رَجُلٍ فِي الْمَسْجِدِ فِي عَيْنَيْكَ) فَنَظَرْتُ فَإِذَا رَجُلٌ فِي حُلَّةٍ جَالِسٌ يُحَدِّثُ قَوْمًا فَقُلْتُ: هَذَا قَالَ: (انْظُرْ أَوْضَعَ رَجُلٍ فِي الْمَسْجِدِ فِي عَيْنَيْكَ) قَالَ: فَنَظَرْتُ فَإِذَا رُوَيْجِلٌ مِسْكِينٌ فِي ثَوْبٍ لَهُ خَلَقٍ قُلْتُ: هَذَا قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:
(هَذَا خَيْرٌ عِنْدَ اللَّهِ يَوْمَ الْقِيَامَةِ مِنْ قَرَارِ الْأَرْضِ مِثْلَ هَذَا)
الراوي : أَبُو ذَرٍّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 680 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৬৮০. আবু যার রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, একবার আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে মসজিদে ছিলাম, সেসময় তিনি আমাকে বললেন, “মসজিদে তোমার দৃষ্টিতে সবচেয়ে উঁচু মর্তবার ব্যক্তিকে লক্ষ্য করো।” অতঃপর আমি লক্ষ্য করে এক ব্যক্তিকে দেখতে পেলাম, যিনি এক জোড়া জামা পরিধান করে বসে লোকদের সাথে কথা বলছেন। অতঃপর আমি বললাম, “এই ব্যক্তি।” তিনি আমাকে বললেন, “মসজিদে তোমার দৃষ্টিতে সবচেয়ে কম মর্তবার ব্যক্তিকে লক্ষ্য করো।” তিনি বলেন, “অতঃপর আমি লক্ষ্য করে এক ব্যক্তিকে দেখতে পেলাম, যিনি তার এক জীর্ণ কাপড় পরিধান করে আছেন। আমি বললাম, “এই ব্যক্তি।” নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, “এই ব্যক্তি কিয়ামতের দিন আল্লাহর নিকট ঐ ব্যক্তির ন্যায় জমিন

ভর্তি লোক অপেক্ষা উত্তম পরিগণিত হবে।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/১৫৭; আবু নু‘আইম, হিলইয়াতুল আওলিয়া: ৮/১১৫; মুসনাদ বাযযার: ৩৬৩০; মাজমা‘উয যাওয়াইদ: ১০/২৬৫।

আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকুর রাগীব: ৪/৯২-৯৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89182

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন